

গবেষণা ও দক্ষতায় এগিয়ে যাচ্ছে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা

মাজহারুল ইসলাম, গাজীপুর

প্রকাশিত: ২০:০৫, ২৩ অক্টোবর ২০২৫



ছবি: জনকণ্ঠ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ বলেছেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসনের উদ্যোগগুলো সফলভাবে বাস্তবায়ন করা গেলে ভবিষ্যতে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা নিজেদের নিয়ে গর্ববোধ করবে।

বুধবার (২২ অক্টোবর) আইডিয়াল কলেজে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

প্রফেসর আমানুল্লাহ জানান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোর শিক্ষার্থীদের বিশ্বমানের দক্ষতা অর্জন, বৈশ্বিক চাকরির বাজারে প্রতিযোগিতা এবং উদ্যোক্তা হওয়ার সুযোগ বাড়াতে একাধিক যুগোপযোগী উদ্যোগ নেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে — আন্তর্জাতিক মানের সিলেবাস প্রণয়ন, স্নাতক সম্মানে আইসিটি ও ইংরেজি ভাষা শিক্ষা বাধ্যতামূলক করা, শিক্ষক ও শিক্ষার্থীদের গবেষণায় প্রগোদনা প্রদান, এবং শিক্ষকদের নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা।

তিনি বলেন, দেশ-বিদেশের বিভিন্ন খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে চুক্তি করে এসব উদ্যোগ বাস্তবায়ন করছে জাতীয় বিশ্ববিদ্যালয়।

ভাইস-চ্যান্সেলর আশা প্রকাশ করে বলেন, আগামী জুনের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সেশনজট থেকে মুক্তি পাবে। বিশ্ববিদ্যালয়ের ৩৩ বছরের ইতিহাসে এবারই প্রথম পরীক্ষার দুই মাসের মধ্যে ফল প্রকাশ করা সম্ভব হয়েছে।

অর্থনৈতিক কারণে কোনো শিক্ষার্থী যাতে উচ্চশিক্ষা থেকে বঞ্চিত না হয়, সে বিষয়ে গুরুত্বারোপ করে প্রফেসর আমানুল্লাহ জানান, জাতীয় বিশ্ববিদ্যালয় বৃত্তির পরিমাণ ১০ কোটি টাকা থেকে বাড়িয়ে ২০ কোটি টাকায় উন্নীত করেছে।

শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, নিয়মিত উপস্থিত থেকে পড়াশোনা ও গবেষণায় আত্মনিয়োগ করতে হবে। কারণ, দক্ষ মানবসম্পদই জাতির সবচেয়ে বড় সম্পদ।

দেশ ও জাতির কল্যাণে নিজেকে যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে শিক্ষার্থীদের আহ্বান জানিয়ে ভাইস-চ্যান্সেলর বলেন, “জাতীয় বিশ্ববিদ্যালয় চায়, আইডিয়াল কলেজ তার নামের মতোই একটি আদর্শ ও অনুকরণীয় শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হোক।”

এ সময় তিনি আইডিয়াল কলেজের ছাত্র জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানের শহিদ খালেদ সাইফুল্লাহর নামে বৃত্তি চালু অথবা কলেজের কোনো ভবন বা লাইব্রেরির নামকরণ করার প্রস্তাব দেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইডিয়াল কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মুহাম্মদ রেযওয়ানুল হক, বিশেষ অতিথি ছিলেন কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি প্রফেসর ড. এস এম মোস্তফা আল মামুন।